

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, ধমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সংস্করণ: এসএস/রি-রেজিস্ট্রেশন(২৮৭)পাট-২/২০১০-৩০২

তারিখ: ০৪/১০/২০১২

বিষয়: ট্রিগগিং/মোবাইল এর সংযোগ (RUIM/SIM) এর পোস্ট-অ্যাকটিভেশন ও গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত কিয়টো দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে টেলিফোন/মোবাইল ফোনে চাঁদাদারী, চুম্বিক প্রদান, ভাড়াটিয়া প্রদান ও ইত্যাদি প্রকারের প্রতারণা ও সার্বিকভাবে পরিচালিত হচ্ছে যা সরকারের আর্থনৈতিক ক্ষতিগ্রস্ত করেছে এবং জনমনে ভীতি সঞ্চার করেছে। এসকল কর্মকাণ্ড প্রতিরোধকল্পে বিটিআরসি'র তত্ত্বাবধানে সংশ্লিষ্ট সকল দপ্তর/প্রতিষ্ঠান এর সমন্বয়ে একাধিক নীতি-নির্ধারণী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ অব্যাহতভাবে বাস্তবায়নের নিমিত্ত সকল সেলুলার মোবাইল টেলিফোন অপারেটরদের জন্য নিম্নোক্ত অস্থগ-পালনীয় নির্দেশনা পুনরায় জারি করা হল।

১. এই নির্দেশনাটি ইতোপূর্বে জারিকৃত নির্দেশনা (সার নং- বিটিআরসি/এসএস/রি-রেজিস্ট্রেশন(২৮৭)পাট-২/২০১০-২৬১, তারিখ: ১৪/০৮/২০১২) এর প্রত্যাখ্যান-নির্দেশনা হিসেবে বিবেচিত হবে এবং পূর্বের জারি তারিখ (১৪/০৮/২০১২) হতেই কার্যকর হিসেবে বিবেচিত হবে।

২. আগামী ১২ অক্টোবর ২০১২ তারিখ থেকে সর্বস্বত্বের ডি-অ্যাকটিভেটেড সংযোগ (রিম/সিম) ক্রয়-বিক্রয় সম্পূর্ণরূপে বন্ধ করতে হবে এবং সেলুলার মোবাইল টেলিফোন অপারেটরগণ বাজার (retail/consumer market) থেকে সকল ডি-অ্যাকটিভেটেড সংযোগ (রিম/সিম) আগামী ১২ অক্টোবর ২০১২ এর মধ্যেই প্রত্যাহার করে নিতে হবে।

৩. বাংলাদেশ নির্বাচন কমিশন এর জারী পত্রের ডাটা-বেজ গ্রাহক নিবন্ধনের জন্য ব্যবহার উপযোগী হবার আগ পর্যন্ত অপারেটরগণ বিভিন্ন প্রকারের অফ-লাইন/মানুয়াল প্রক্রিয়ার মাধ্যমে গ্রাহকের পরিচয় নিশ্চিত করতঃ সংযোগ (রিম/সিম) অ্যাকটিভেট করবে।


৪. সংযোগ (রিম/সিম) অ্যাকটিভেট করার ক্ষেত্রে যেকোন ধরনের ভুল/অসত্যা/ত্রুটিপূর্ণ গ্রাহক নিবন্ধন সংক্রান্ত তথ্যের (নিবন্ধনের সময় লিপিবদ্ধ বা সংশ্লিষ্ট) জন্য সংশ্লিষ্ট সেলুলার মোবাইল টেলিফোন অপারেটরকে সম্পূর্ণ দায়ভার বহন করতে হবে।

৫. সেলুলার মোবাইল টেলিফোন অপারেটর সমূহকে বিটিআরসি'র ইস্যুকুটেড টেলিফোন/মোবাইল RUIM/SIM গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশাবলী (সার নং-বিটিআরসি/এসএস/রি-রেজিস্ট্রেশন(পাট-১)/২০০৮-৯০৮, তারিখ: ১৮/০৮/২০১০) সঠিকভাবে মেনে চলার জন্য এবং নিবন্ধন সংক্রান্ত যেকোন ত্রুটি/ভুল/অপরাধ এর জন্য সংশ্লিষ্ট ডিসিবিউটর/সিটেইলার এর বিরুদ্ধে যৌজদারি মামলা করতঃ দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. টেলিকম গ্রাহক নিবন্ধনের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন এর জারী পত্রের ডাটা-বেজ ব্যবহার উপযোগী হবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অটোমেটেড/অন-লাইন উপায়ে ভেরিফিকেশন/অথেন্টিকেশন প্রক্রিয়া চালু করতঃ অটোমেটেড কানেকশন অ্যাকটিভেশন (গ্রাহক পরিচয় নিশ্চিত করতঃ পোস্ট-অ্যাকটিভেশন) প্রক্রিয়া চালু করার ব্যবস্থা এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

৭. আগামী ১২ অক্টোবর ২০১২ তারিখ থেকে সকল অরিক্রিড (স্টক/ওয়ারহাউজ এ রক্ষিত) এনএ/অথবা বিক্রিত কিন্তু এখনও রিটেইলারের কাছে রক্ষিত (ক্রেতার নিকট বিক্রিত নয়; অর্থাৎ, যা অপারেটরের HLR সিস্টেমে 11:59:59 pm of 11/10/2012 পর্যন্ত অন্তর্ভুক্ত হানি) থাকা সকল সংযোগ (রিম/সিম) বহু/ডি-অ্যাকটিভেটেড করে দিতে হবে। উক্ত সকল সংযোগ (রিম/সিম), কমিশন কর্তৃক নির্ধারিত Sale/Purchase Procedure, Subscriber Verification and Connection Activation Procedure, Other Administrative Procedure এবং Additional Processes অনুযায়ী গ্রাহকের সংযোগ (রিম/সিম) চালু (অ্যাকটিভেটেড) করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনা বাস্তবায়নে ব্যর্থ হলে; অর্থাৎ, ১২ অক্টোবর ২০১২ তারিখের পর থেকে বাজার (retail/consumer market) এ প্রাপ্ত প্রতিটি অ্যাকটিভেটেড (অনু-উপায়ে রিটেইলার কর্তৃক অ্যাকটিভেট করা হলেও) সংযোগ (রিম/সিম), প্রতিটি ভুল/অসত্যা/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত নিবন্ধিত সংযোগ (রিম/সিম) এবং প্রতিটি অবৈধ বাজার/ব্যবসায় (যেমনঃ লাইসেন্সবিহীন কল টার্মিনেশন/অরিজিনেশন, চাঁদাদারী/চুম্বিক ও সত্যাঙ্গী/সার্বিকভাবে কর্মকাণ্ড ইত্যাদি) এ ব্যবহৃত অনির্ভুক্ত সংযোগ (রিম/সিম) এবং/অথবা অনির্ভুক্ত সংযোগ (রিম/সিম) এর আলাদাভাবে প্রমাণিত হলে; বা অপারেটরগণ (অথবা) হাতে সংশ্লিষ্ট সেলুলার মোবাইল টেলিফোন অপারেটর কে প্রশাসনিক-জরিমানা করা হবে।


(এম এ. তালেব হোসেন) ১/১০/১২
উপ পরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস

- প্রতি:
- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণ ফোন লিমিটেড, জিপি হাউজ, বসুন্ধরা, ঢাকা-১২১৯
 - ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ওরাসবম টেলিকম বাংলাদেশ লিমিটেড, বাড়ি-৪, ওলশান দক্ষিণ অ্যাভিনিউ, ওলশান-১, ঢাকা-১২১২
 - ৩। ব্যবস্থাপনা পরিচালক, প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিমিটেড, ১৪ মহাখালি বা/এ, ঢাকা-১২১২
 - ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি আজিরাটা লিমিটেড, ন্যাফি টাওয়ার, ৫৩ ওলশান দক্ষিণ অ্যাভিনিউ, ওলশান-১, ঢাকা-১২১২
 - ৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, বাড়ি-৪১, রোড-২৭, ব্লক-এ, বনানী, ঢাকা-১২১৩
 - ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, এয়ারটেল বাংলাদেশ লিমিটেড, বাড়ি-৩৪, রোড-১৯/এ, বনানী, ঢাকা-১২১৩